AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 25.06.2024 Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১) সরকারি জমি দখল, বেআইনী নির্মাণ সহ নাগরিক পরিষেবায় অব্যবস্থা নিয়ে মুখ্যমন্ত্রী, রাজ্যে পুরসভা ও একশ্রেণী জন প্রতিনিধি এবং সরকারি আধিকারিকদের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন।

নবান্নে এই সংক্রান্ত বৈঠকের পর রাজ্যের প্রশাসনিক স্তরে রদবদল করা হয়েছে।

আলোচনার অভিমুখ ঘোরাতেই এই বৈঠক বলে বিজেপির দাবি।

২) রাজ্যকে অন্ধকারে রেখেই প্রধানমন্ত্রী বাংলাদেশের সঙ্গে গঙ্গা তিস্তা জলচুক্তি করেছেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

৩) নিট-এ অনিয়ম এবং দুর্নীতির প্রেক্ষিতে ডাক্তারিতে প্রবেশিকা পরীক্ষার দায়িত্ব রাজ্যের হাতে ফিরিয়ে দেওয়ার দাবি জানানো হয়েছে।

৪) মহিলাদের যাতায়াতের সুবিধার্থে WBTC, আজ হাওড়া স্টেশন থেকে বালিগঞ্জের মধ্যে বিশেষ একটি বাসযাত্রার সূচনা করতে চলেছে।

৫) কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবল আজ শুরু হচ্ছে।

সরকারি জমি দখল, বেআইনী নির্মাণ, আবর্জনা জমে থাকা নিকাশি ক্ষেত্রে অব্যবস্থা সহ এধরনের আরও বেশ কিছু নাগরিক পরিষেবা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, রাজ্যে পুরসভা ও একশ্রেণী জন প্রতিনিধি এবং সরকারি আধিকারিকদের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন।

গতকাল নবান্ন সভাঘরে পুরসভা, পুরনিগমের চেয়ারম্যান, মেয়র, আধিকারিক, পুরমন্ত্রী, সচিব ও পুলিশের সঙ্গে পর্যালোচনা বৈঠকে, পুরসভার বিভিন্ন কাজ নিয়ে উষ্মা প্রকাশ করেন তিনি। প্রশাসনের কয়েকজন আধিকারিক এবং জন প্রতিনিধিও তাঁর ভৎর্সনার মুখে পড়ে। বিশেষত হাওড়া ও বালি পুরসভার পরিষেবা নিয়ে সরব হন তিনি। হাওড়ার প্রাক্তন মেয়র তৃণমূল কংগ্রেস ত্যাগ করে বিজেপি-তে যাওয়া রথীন চক্রবর্তী এবং দমকল মন্ত্রী সুজিত বসুর বিরুদ্ধে সরাসরি টাকা নিয়ে বহিরাগতদের সরকারি জায়গায় বসিয়ে দেওয়ার অভিযোগ তোলেন মুখ্যমন্ত্রী। যেসব সরকারি আধিকারিক দায়িত্ব পালন করছেন না, তাদের কারণ দর্শানোর নোটিশ ধরাতে বলেন। তাঁর অজ্ঞাতে বিভিন্ন পুরসভা করের মূল্য বৃদ্ধি করছে। বিভিন্ন এলাকায় ২০১১ সাল থেকে ৫১ হাজার ৫০০ কোটি টাকা দেওয়ার হলেও অর্থের সঠিক ব্যবহার হয়নি বলে মুখ্যমন্ত্রী জানান। হাওড়া ও বালি পুরসভা দুর্নীতি মুক্ত না হলে সেখানে নির্বাচন করানো হবে না বলেও হুঁশিয়ারি দেন তিনি।

পুর পরিষেবার প্রতিটি ক্ষেত্রে সাধারণ মানুষের সুবিধার কথা বিবেচনা না করে পুলিশ প্রশাসন ও রাজনৈতিক নেতাদের একাংশের বিরুদ্ধে অর্থ আত্মসাত্ এর অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী বলেন, এরফলে রাজ্যের ভাবমূর্তি নষ্ট হচ্ছে।

বাইট মমতা মিউনিসিপ্যালিটি

স্বচ্ছতা বাড়ানোর লক্ষ্যে এখন থেকে কেন্দ্রীয় ভাবে দরপত্র ডাকা হবে বলে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন। সম্পত্তি করও অনলাইনে নেওয়ার কথা বলেন তিনি। পুরসভা ও পুরনিগম বোর্ডগুলির কাজ পর্যালোচনায় একটি রিভিউ কমিটি গঠন করা হবে। জমি মাফিয়াদের সঙ্গে জড়িত ব্যক্তিদের রাজনৈতিক রং বিবেচনা না করেই গ্রেপ্তারের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

রাজ্যের বিভিন্ন জায়গার ভোট পরবর্তী হিংসা, দুর্নীতি সহ একাধিক অনিয়ম থেকে আলোচনার অভিমুখ ঘোরানোর লক্ষ্যেই মুখ্যমন্ত্রীর এই বৈঠক বলে বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন।

বাইট শমিক অন সিএম

অন্যদিকে, সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, যেসমস্ত দপ্তরের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী বৈঠকে অভিযোগ তুলেছেন, তার দায়িত্বে তিনি নিজেই রয়েছেন। স্বাভাবিকভাবে এর দায়ও তাঁর ওপরেই বর্তায়।

বাইট সেলিম

এদিকে, মুখ্যমন্ত্রীর গতকালের পুর বৈঠকের পরই রাজ্যের প্রশাসনিক স্তরে বেশ কিছু রদবদল করা হয়েছে।

বৈঠক থেকেই বন দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব বিবেক কুমারকে ভূমি দপ্তর দেখার কথা বলেন মুখ্যমন্ত্রী। এর পরই সচিব স্তরে রদবদলের বিজ্ঞপ্তি প্রকাশ করে

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর। অতিরিক্ত দায়িত্ব হিসাবে বিবেক কুমারের কাছে প্রাণিসম্পদ দপ্তরটি রাখা হয়েছে। বনদপ্তরের দায়িত্বে এসেছেন অগ্নিনির্বাপণ ও আপৎকালীন পরিষেবা দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল। এটি তাঁর অতিরিক্ত দায়িত্ব।

রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক বিনোদ কুমারকে পুর ও নগরোন্নয়ন দপ্তরের প্রধান সচিব করা হয়েছে। আর এক অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক স্মারকি মহাপাত্রকে জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার দপ্তরের সচিব করার বিজ্ঞপ্তি জারি হয়েছে। সমবায়ের সঙ্গে এই দপ্তরের দায়িত্বে ছিলেন কৃষ্ণ গুপ্তা। তাঁকে সমবায় দপ্তরটি দেওয়া হয়েছে।

রাজ্যকে অন্ধকারে রেখেই প্রধানমন্ত্রী, বাংলাদেশের সঙ্গে গঙ্গা-তিস্তা জলচুক্তি সম্পাদন করেছেন বলে অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সরব হয়েছেন। এ নিয়ে নিজের আপত্তির কথা জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী। সেখানে তিনি জানিয়েছেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে সম্পাদিত এই চুক্তি কাঙ্ক্ষিত ও গ্রহণযোগ্য নয়। কারণ, গঙ্গা-তিস্তা নদীর জল বিভাজন নিয়ে যে সিদ্ধান্ত হয়েছে, তা নিয়ে রাজ্যের সঙ্গে কোনও আলোচনাই হয়নি।

কিন্তু, এই জল বন্টন চুক্তির ফলে রাজ্যের মানুষ ক্ষতির সম্মুখীন হবে। যা নিয়ে কোনো আপোষ করা হবে না বলে মুখ্যমন্ত্রী স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন। নবান্নের বৈঠক থেকেও মুখ্যমন্ত্রী এই জল বন্টন চুক্তি নিয়ে কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেন।

(বাইট- মুখ্যমন্ত্রী তিস্তা)

এদিকে, বিজেপি এই চিঠির সমালোচনা করেছে। দলের মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, আন্তর্জাতিক কোনো সিদ্ধান্ত রাষ্ট্রপ্রধানদের মধ্যেই হয়ে থাকে। এ ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কখনো কোনো আলোচনায় অংশ নেয়নি বলেও তাঁর অভিযোগ।

(বাইট- শমীক তিস্তা)

ডাক্তারির সর্বভারতীয় স্নাতক স্তরের প্রবেশিকা পরীক্ষা নিট-এ অনিয়ম এবং দুর্নীতির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ডাক্তারি ভর্তির পরীক্ষা নেওয়ার দায়িত্ব রাজ্যগুলির হাতে ফিরিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন। গতকাল প্রধানমন্ত্রীকে লেখা এক চিঠিতে তিনি দাবি করেন, নিট-এর মতো সম্পূর্ণ কেন্দ্রীয় বন্দোবস্তে রাজ্যগুলির কোনও অধিকার থাকছে না। এই ব্যবস্থায় দেশের যুক্তরাষ্ট্রীয় কাঠামো লঙ্ঘিত হচ্ছে। তাই নিট-এর মাধ্যমে দেশের মেডিক্যাল কলেজগুলিতে ভর্তির বর্তমান বন্দোবস্ত বাতিল করে পুরনো ব্যবস্থা ফিরিয়ে আনার তিনি আর্জি জানিয়েছেন। একই সঙ্গে মুখ্যমন্ত্রী জানিয়েছেন এক জন চিকিৎসকের লেখাপড়া এবং ইন্টার্নশিপের জন্য রাজ্য সরকার গড়ে ৫০ লক্ষ টাকা খরচ করে। তাই জয়েন্ট্র এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে মেডিক্যালের পড়ুয়াদের বেছে নেওয়ার অধিকার রাজ্যের হাতেই থাকা উচিত।

এদিকে, বিজেপি, পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস রুখতে এরাজ্যেও নজরদারি চালানোর আর্জি জানিয়েছে। দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, প্রশ্নপত্র ফাঁসের চক্র বিভিন্ন দেশে, বিভিন্নভাবে, বিভিন্ন নামে সক্রিয়। তাই আগামীদিনে পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পুনরাবৃত্তি রোধে শুধুমাত্র বিশেষ কয়েকটি ক্ষেত্রে নয়, সব রাজ্যেই নজরদারি বাড়াতে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানানো হয়েছে।

শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, চিরকালই এ ধরনের দুষ্ট চক্র ছিল। তাঁদের নিরস্ত করতে সরকার সচেষ্ট রয়েছে।

রাজভবনের পরিবর্তে সংবিধান মেনে বিধানসভায় শপথ গ্রহন করানোর আবেদন জানিয়ে সম্প্রতি বিধানসভা উপনির্বাচনে জয়ী দুই বিধায়ক রাজ্যপাল সিভি আনন্দ বোসকে চিঠি দিয়েছেন। বরাহনগর ও ভগবানগোলার দুই বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় ও রেয়াত হোসেন সরকার আজ বিধানসভায় এসে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন। সেখানেই সায়ন্তিকা সাংবাদিকদের এই চিঠি দেওয়ার কথা জানিয়েছেন।

উল্লেখ্য পরিষদীয় দপ্তর ও বিধানসভার সচিবালয়কে এড়িয়ে আগামী বুধবার রাজভবনে শপথ গ্রহনের জন্যে দুই বিধায়ককে আগেই চিঠি দেওয়া হয়েছে।

রাজ্য শিক্ষা দপ্তরের পক্ষ থেকে উদ্বোধন করা কলেজে ভর্তির অনলাইন কেন্দ্রীয় পোর্টাল প্রথমদিনই সমস্যার সম্মুখীন হয়েছে। গতকাল সকাল থেকেই ছাত্র - ছাত্রীরা ভর্তির জন্য এই পোর্টালে আবেদন করলেও কোনো কাজ হচ্ছে না, পোর্টাল এক প্রকার নিষ্ক্রিয় হয়ে আছে বলে অভিযোগ। এসএফআইয়ের পূর্ব বর্ধমান জেলা সম্পাদক অর্নিবান চৌধুরীর অভিযোগ জেলায় ১৯ জায়গায় হেল্প ডেস্ক খোলা হয়েছে, সব জায়গায় একই সমস্যা। রাজ্য সরকারের পরিকল্পনা বিহীন একটা কাজের জন্য প্রচুর ছাত্র - ছাত্রী সমস্যায় পড়েছে। সারা বাংলায় প্রায় ৬ লক্ষ ছাত্র - ছাত্রী ভর্তি প্রক্রিয়ায় আছে। অথচ তাঁরা ভর্তি হতে পারছে না।

যদিও তৃণমূল ছাত্র পরিষদের জেলা সভাপতি স্বরাজ ঘোষের দাবি গতকাল প্রথমদিন সবাই ভালোভাবেই ফর্ম ফিলাপ করেছে। সবাই একসঙ্গে ব্যবহার করার জন্য বা ইন্টারনেট পরিষেবা ঠিক না থাকায় প্রথমে একটু সমস্যা হয়েছিল। যদিও এস এফ আইয়ের অভিযোগ ভিত্তিহীন।

অফিসের ব্যস্ত সময়ে মহিলাদের যাতায়াতের সুবিধার্থে West Bengal Transport Corporation WBTC, হাওড়া স্টেশন থেকে বালিগঞ্জের মধ্যে মহিলাদের জন্য বিশেষ একটি বাস চালাবে। আজ সকাল সাড়ে ১০টায় এই বাস পরিষেবার উদ্বোধন করবেন রাজ্যের পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী। পরিবহন দপ্তরের প্রতিমন্ত্রী দিলীপ মন্ডল এবং WBTC র চেয়ারম্যান বিধায়ক মদন মিত্র ওই অনুষ্ঠানে উপস্থিত থাকবে। S10A রুটে এই লেডিস স্পেশাল বাসটি প্রতি সোম থেকে শুক্র, প্রতিদিন সকাল ৯ টা ১৫ মিনিটে হাওড়া স্টেশন থেকে ছেড়ে টি বোর্ড, পরিবহন ভবন, Esplanade, Park street, এলগিন রোড, হাজরা মোড়, রাসবিহারী এভিনিউ, দেশপ্রিয় পার্ক ও গড়িয়াহাট হয়ে বালিগঞ্জ স্টেশন পৌঁছাবে। তবে ফিরতি পথে বালিগঞ্জ থেকে স্বাভাবিক পরিষেবা দেবে বলে WBTC সূত্রের খবর।

কোচবিহারে উত্তরবঙ্গের সিএনজি চালিত বাস পরিষেবার সূচনা হয়েছে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার চেয়ারম্যান পার্থ প্রতীম রায় দুটি বাসের উদ্বোধন করেন। রাজ্য সরকারের পক্ষ থেকে উত্তরবঙ্গের পরিবহনের জন্য ৩০ টি সিএনজি চালিত বাস বরাদ্দ করা হয়েছে।

এদিকে, সংস্থার পক্ষ থেকে কলকাতা শিলিগুড়ির মধ্যে আরও বেশি এসি বাস পরিষেবা বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্য সরকারের কাছে যে ১২ টি বাস চাওয়া হয়েছিল, তার মধ্যে ৩টি এসি এবং ২ টি নন এসি বাস পাওয়া গেছে।

অন্যদিকে এনবিএসটিসি পরিকাঠামোর অভাবে এখনই দক্ষিণবঙ্গে সিএনজি বাস পরিষেবা দিতে পারছে না বলে জানিয়েছে।

দক্ষিণ পূর্ব রাজস্থান থেকে উত্তর বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করছে। এর জেরে উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী শুক্রবার পর্যন্ত মাঝারি থেকে ভারি বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

অন্যদিকে, আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করলেও দক্ষিণবঙ্গের সর্বত্রই বৃষ্টি অধরা। পয়লা জুন থেকে গতকাল পর্যন্ত গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির ঘাটতির পরিমাণ স্বাভাবিকের ৭২ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি ঘাটতি রয়েছে কলকাতায়। আগামী কয়েকদিনে বৃষ্টি না হলে এই ঘাটতি মেটা সম্ভব নয়। একই অবস্থা হাওড়া, হুগলী ও দুই ২৪ পরগণায়। বজ্রগর্ভ মেঘ থেকে স্থানীয়ভাবে বৃষ্টি হলেও মৌসুমী বায়ু দুর্বল থাকাতে এই পরিস্থিতি।

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবল আজ শুরু হচ্ছে। প্রথম দিনে গতবারের চ্যাম্পিয়ন মহামেডান স্পোর্টিং মাঠে নামবে। প্রতিপক্ষ উয়াড়ি আথলেটিক ক্লাব। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। ৩০শে জুন

ইস্টবেঙ্গল প্রথম ম্যাচটি খেলবে টালিগঞ্জ অগ্রগামীর বিরুদ্ধে। ভবানীপুর ক্লাবের বিরুদ্ধে ম্যাচ দিয়ে মোহনবাগান লিগ অভিযান শুরু করবে ২ রা জুলাই।

এবার ইস্টবেঙ্গল ও মোহনবাগান একই গ্রুপে রয়েছে।১৩ ই জুলাই মরসুমের প্রথম ডার্বি ম্যাচে মোহনবাগান - ইস্টবেঙ্গল মুখোমুখি হবে। ২৬ টি দল দুটি গ্রুপে প্রিমিয়ার লিগে অংশ নিচ্ছে।

------------------------ ------------------------